

**দাবী না মানলে পাঁচটি  
শিক্ষা বোর্ডে পুনরায়  
ধর্মঘট শুরু করবে সিদ্ধান্ত**

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশন এক সভা গতকাল সকালে ঢাকা শিক্ষা বোর্ড কর্মচারী ইউনিয়ন কার্যালয়ে ফেডারেশনের সভাপতি জনাব আমজাদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আগামী ২৩ ডিসেম্বরের মধ্যে শিক্ষা বোর্ডসমূহে নিয়োগ ও পদোন্নতির নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবী জানানো হয়। সভায় গৃহীত এক প্রস্তাবে মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত ও বিশেষজ্ঞ কমিটি গঠনের অনুলিপি আনুষ্ঠানিকভাবে ফেডারেশনকে প্রদান এবং বিশেষজ্ঞ কমিটিতে বিআইটি খুলনা হতে একজন সদস্য মনোনয়নের দাবী করা হয়। অন্যথায় ফেডারেশনের পক্ষ থেকে স্থগিত ধর্মঘট পুনরায় শুরু করার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। প্রেস বিজ্ঞপ্তি।